



জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়া

বিজ্ঞপ্তি

স্মারক নং-৪৩.২০.৫০০০.০০০.৩৮.০০৪.২৩.৫০০৮(১০০)

তারিখ: ০৫.০৬.২০২৪ খ্রি.

বিষয় : জেলা পর্যায়ে আয়োজিত শিল্পকলা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে দেশব্যাপী শিল্পকলা প্রতিযোগিতা-২০২৪ এর অংশ হিসেবে জেলা পর্যায়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ১২.০৬.২০২৪খ্রি. তারিখ বুধবার সকাল ৯:০০টায় জেলা শিল্পকলা একাডেমি, কুষ্টিয়াতে সরাসরি নাম নিবন্ধন করে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হলো।

➤ প্রতিযোগিতার বিষয় :

১. রবীন্দ্র সংগীত
২. নজরুল সংগীত
৩. গণজাগরণের গান (দেশাত্মবোধক/ভাষার গান/মুক্তিযুদ্ধভিত্তিক/বঙ্গবন্ধুকে নিয়ে গান/গণসংগীত)
৪. লোকসঙ্গীত
৫. সাধারণ নৃত্য/সৃজনশীল নৃত্য
৬. লোক নৃত্য
৭. শাস্ত্রীয় নৃত্য
৮. একক আবৃত্তি (কবিতা/ছড়া)
৯. একক অভিনয়
১০. চিত্রাঙ্কন

➤ প্রতিযোগিতার বিভাগ:

ক বিভাগ: ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি অথবা সর্বোচ্চ ১১ বছর

খ বিভাগ: ৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণি অথবা সর্বোচ্চ ১৭ বছর

গ বিভাগ (যুব): একাদশ শ্রেণি থেকে স্নাতকোত্তর অথবা সর্বোচ্চ ২৫ বছর

➤ প্রতিযোগিতার নিয়মাবলী:

- * একজন প্রতিযোগী সর্বোচ্চ ৩টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।
- * প্রতিযোগিতার দিন সরাসরি নিবন্ধন করে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
- * প্রতিযোগীদের বয়স প্রমাণের ক্ষেত্রে জন্মনিবন্ধন বা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দিতে হবে।
- * চিত্রাঙ্কনের বিষয় ও মাধ্যম উন্মুক্ত। প্রতিযোগিতায় কার্টিজ পেপার সরবরাহ করা হবে, অন্যান্য সামগ্রী প্রতিযোগীর সঙ্গে আনতে হবে।
- * যে কোন কবিতা, ছোটগল্প কিংবা নাটকের মধ্য থেকে অভিনয়ের বিষয় নির্বাচন করতে হবে।
- * একক আবৃত্তির ক্ষেত্রে প্রতিযোগী নিজের পছন্দমত কবিতা/ছড়া পরিবেশন করতে পারবে।
- * বিজয়ীদের মধ্য থেকে ১ম স্থান অধিকারীকে চূড়ান্ত প্রতিযোগিতার জন্য কেন্দ্রীয় প্রতিযোগিতায় (ঢাকা) অংশগ্রহণ করতে হবে।

০৫.০৬.২০২৪

মোঃ সাজন রহমান

জেলা কালচারাল অফিসার

জেলা শিল্পকলা একাডেমি

কুষ্টিয়া।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, ভেড়ামারা, মিরপুর, খোকসা, কুমারখালী, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া। (কার্যার্থে)
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া। (কার্যার্থে)
- ৬। জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া। (কার্যার্থে)
- ৭। প্রাপক.....
- ৮। অফিস নথি।